শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৮৬০০.০১৭.২৭.০০১.১৫-৪৯

তারিখ: ০৩ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ। / ১৭ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, শরীয়তপুর জেলার জাজিরা উপজেলাধীন নওডোবা ইউনিয়ন পরিষদের ০১নং ওয়ার্ডের সদস্য জনাব শাহিন ফকির; ০১, ০২ ও ০৩নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য জনাব সালমা আক্তার এবং ০৪, ০৫ ও ০৬নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য জনাব মনোয়ারা বেগম মনির বিরুদ্ধে শরীরিক প্রতিবন্ধী জনাব ইলিয়াছ তালুকদার এর প্রতিবন্ধী ভাতার ২১,০০০/- (একুশ হাজার) টাকা আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, শরীয়তপুর বর্ণিত ইউপি সদস্যগণের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, শরীয়তপুর জেলার জাজিরা উপজেলাধীন নওডোবা ইউনিয়ন পরিষদের ০১নং ওয়ার্ডের সদস্য জনাব শাহিন ফকির; ০১, ০২ ও ০৩নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য জনাব সালমা আক্তার এবং ০৪, ০৫ ও ০৬নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য জনাব মনোয়ারা বেগম মনির বিরুদ্ধে শরীরিক প্রতিবন্ধী জনাব ইলিয়াছ তালুকদার এর প্রতিবন্ধী ভাতার ২১,০০০/- (একুশ হাজার) টাকা আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জনস্বার্থে তাঁদের দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, শরীয়তপুর জেলার জাজিরা উপজেলাধীন নওডোবা ইউনিয়ন পরিষদের ০১নং ওয়ার্ডের সদস্য জনাব শাহিন ফকির; ০১, ০২ ও ০৩নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য জনাব সালমা আক্তার এবং ০৪, ০৫ ও ০৬নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য জনাব মনোয়ারা বেগম মনি কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যগণকে তাঁদের স্বীয় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

১৭.০১.২০২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৮৬০০.০১৭.২৭.০০১.১৫-৪৯

তারিখ: ০৩ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ। / ১৭ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১। জেলা প্রশাসক, শরীয়তপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, জাজিরা, শরীয়তপুর।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। জনাব শাহিন ফকির, ইউপি সদস্য, ০১নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), নওডোবা ইউনিয়ন পরিষদ, জাজিরা, শরীয়তপুর।
৫। জনাব সালমা আক্তার, ১, ২ ও ৩নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য (সাময়িক বরখাস্তকৃত), নওডোবা ইউনিয়ন পরিষদ, জাজিরা, শরীয়তপুর।
৬ জনাব মনোয়ারা বেগম মনি, ৪, ৫ ও ৬নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য (সাময়িক বরখাস্তকৃত), নওডোবা ইউনিয়ন পরিষদ, জাজিরা, শরীয়তপুর।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭.০১.২০২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব

D:\Share\UP\sohag\letter-5\28

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৮৬০০.০১৭.২৭.০০১.১৫-৫০

তারিখ: ০৩ মাঘ ১৪২৭
১৭ জানুয়ারি ২০২১

বিষয়: কারণ দর্শানো নোটিশ

উপর্যুক্ত বিষয়ে আপনারা জনাব শাহিন ফকির, ইউপি সদস্য, ০১নং ওয়ার্ড; জনাব সালমা আক্তার, ১, ২ ও ৩নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য এবং জনাব মনোয়ারা বেগম মনি, ৪, ৫ ও ৬নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য, নওডোবা ইউনিয়ন পরিষদ, জাজিরা, শরীয়তপুর-কে শরীরিক প্রতিবন্ধী জনাব ইলিয়াছ তালুকদার এর প্রতিবন্ধী ভাতার ২১,০০০/- (একুশ হাজার) টাকা আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, শরীয়তপুর এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ১৭ জানুয়ারি, ২০২১ তারিখের ৪৯ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাদেরকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কেন আপনাদেরকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারার অপরাধে আপনাদের পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, শরীয়তপুর এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭.০১.২০২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ই-মেইল-up1lgd@gmail.com

১। জনাব শাহিন ফকির
ইউপি সদস্য, ০১নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত)
নওডোবা ইউনিয়ন পরিষদ, জাজিরা, শরীয়তপুর।

২। জনাব সালমা আক্তার
১, ২ ও ৩নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য (সাময়িক বরখাস্তকৃত)
নওডোবা ইউনিয়ন পরিষদ, জাজিরা, শরীয়তপুর।

৩। জনাব মনোয়ারা বেগম মনি
৪, ৫ ও ৬নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য (সাময়িক বরখাস্তকৃত)
নওডোবা ইউনিয়ন পরিষদ, জাজিরা, শরীয়তপুর।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১। জেলা প্রশাসক, শরীয়তপুর (উল্লিখিত ইউপি সদস্যগণের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
২। উপজেলা নির্বাহী অফিসার, জাজিরা, শরীয়তপুর।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৪। অফিস কপি।

D:\Share\UP\sohag\letter-5\29